

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
[\(www.bkbb.gov.bd\)](http://www.bkbb.gov.bd)

বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২২/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত ১৮তম সমন্বয় সভার কার্যবিবরণী

**সভাপতি** : জনাব সত্যজিৎ সাহা  
মহাপরিচালক (সরকারের সচিব)  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

**সভার তারিখ** : ২২/০১/২০২০

**সময়** : বেলা ০২.৩০ টায়

**সভার স্থান** : বোর্ডের সভা কক্ষ।

**সভায় কর্মকর্তাগণের উপস্থিতি :** পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।

০১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভার কার্যপত্র উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন)-কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

০৩। পরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন যে, বোর্ডের ১৭/০৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত ১৭তম সমন্বয় সভার কার্যবিবরণী বোর্ডের সকল কর্মকর্তাগণের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর সংশোধন/সংযোজন সম্পর্কে কোন মন্তব্য পাওয়া যায়নি। এ বিষয়ে আলোচনাতে সর্বসম্মতভাবে কার্যবিবরণীটি নিশ্চিত (Confirm) করা হয়।

০৪। পরিচালক (প্রশাসন) সভায় ১৭/০৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত ১৭তম সমন্বয় সভার সিফান্টের আলোকে বাস্তবায়ন অগ্রগতি এবং আলোচ্যসূচি অনুযায়ী অন্যান্য বিষয় উপস্থাপন করেন। সভার আলোচনা ও সিফান্টের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো :

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিফান্ট	বাস্তবায়ন
০১।	<b>বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ।</b> <b>রাজশাহী মেট্রো পলিটেক শহরের অন্যান্য কমিউনিটি সেন্টারের ভাড়ার বিষয়ে একটি পৃণাঙ্গ প্রতিবেদনসহ ভাড়া কমানোর যথাযথ যৌক্তিকতাসহ তথ্য পাওয়া বোর্ডের নামে নেওয়ার পদক্ষেপ গ্রহণ।</b> <b>সেন্টারের ভাড়ার বিষয়ে একটি পৃণাঙ্গ প্রতিবেদনসহ ভাড়া কমানোর যথাযথ যৌক্তিকতাসহ তথ্য পাওয়া বোর্ডের আওতায় আনার জন্য উদ্যোগ নিতে হবে।</b> <b>মাধ্যমে পৰ্বতী সিফান্ট গ্রহণ করা যেতে পারে।</b>	(১) পরিচালক, রাজশাহী জানান যে, রাজশাহী কমিউনিটি সেন্টারের ভাড়া বেশী হওয়ায় এটি ভাড়া নিতে আগ্রহ প্রকাশ করছে না। আগের যে টাকায় ভাড়া দেয়া হতো তার থেকে কম টাকায় ভাড়া দিলে আয় বৃক্ষি পাবে। পরিচালক (প্রশাসন) জানান যে, (২) আন্তঃমন্ত্রণালয় বৈঠকের মাধ্যমে গণপূর্ত থেকে জমির মালিকানার রেকর্ড সংশোধন করে বোর্ডের নামে নেওয়ার পদক্ষেপ গ্রহণ। (৩) জেলা প্রশাসক, খুলনা ও সহকারী কমিশনার (ভূমি), খুলনা সদর এর সার্বক্ষনিক যোগাযোগের মাধ্যমে জমির মালিকানা ঠিক করতে হবে। (৪) ঢাকা মহানগরীর বিভিন্ন সরকারি আবাসিক এলাকায় অবস্থিত কমিউনিটি সেন্টারগুলোকে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের আওতায় আনার জন্য উদ্যোগ নিতে হবে। (৫) অফিস স্থাপনের বিষয়ে বরিশাল বিভাগীয় কার্যালয় হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের সূত্র ধরে এর বাস্তবায়ন অগ্রগতি ও কল্যাণ বোর্ড অফিস স্থাপন করার জন্য যেন জমি পায় সে বিষয়ে	(১) রাজশাহী কমিউনিটি সেন্টারের ভাড়ার সাথে তার আশ-পাশের কমিউনিটি সেন্টারের ভাড়ার একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করে ভাড়া কমানোর যৌক্তিকতাসহ একটি প্রতিবেদন পাওয়ার পর ভাড়া কত করা যেতে পারে সে বিষয়ে সিফান্ট গ্রহণ করা হবে। (২) এ বিষয়ে দুটি ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (উন্নয়ন)-কে দায়িত্ব প্রদান করা হলো। (৩) উপপরিচালক, খুলনা এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। (৪) উন্নয়ন শাখা-কে এ বিষয়ে দুটি পদক্ষেপ গ্রহণ করতে হবে।	(১) পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়।  (২) উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম, খুলনা, ঝাঁপুর ও ময়মনসিংহ।  (৩) পরিচালক (উন্নয়ন)

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		<p>লক্ষ্য রাখতে হবে।</p> <p>(৭) রংপুর বিভাগীয় কমিশনার নিকট চাহিত তথ্যাদির জবাব পাওয়ার পর প্রতিকী মূল্যে জমি নেয়ার উদ্যোগ গ্রহণ করতে হবে। বিভাগীয় কমিশনার কর্তৃক প্রদেয় চিঠির জবাব প্রদান নিশ্চিত করতে হবে।</p>	<p>(৫) উন্নয়ন শাখার মাধ্যমে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>(৬) রংপুর বিভাগীয় কমিশনার কর্তৃক প্রদেয় চিঠির জবাব প্রদান নিশ্চিত করতে হবে।</p>	(৬) পরিচালক (উন্নয়ন)
০২।	মাসিক কল্যাণ ভাতার কার্ডভিত্তিক হিসাব ব্যাংক ও বোর্ডের প্রধান এবং বিভাগীয় কার্যালয়সমূহের রিকনসাইল করে সমন্বয় করা	<p>(১) প্রোগ্রামার মিসেস আছফিয়া মেহবুবা জানান যে, ৩৬,৫৮০ টি কার্ডের ডাটা এন্ট্রি করা হয়েছে। বাকীগুলো খুব শীঘ্ৰই সম্পন্ন হবে।</p> <p>(২) পরিচালক, ঢাকা বিভাগীয় কার্যালয় জানান যে, জুন, ২০১৯ পর্যন্ত অফিস কর্তৃক হিসাব সম্পন্ন করা হয়েছে। ব্যাংক হতে কোন তথ্য না পাওয়ায় রিকনসাইল করা সম্ভব হচ্ছে না। ব্যাংকে বারবার তাগিদ পত্র দেয়া সত্ত্বেও তারা কোন সহায়োগিতা করছে না।</p> <p>(৩) উপপরিচালক, খুলনা ডিসেম্বর/২০১৯ পর্যন্ত ব্যাংক রিকনসাইল শেষ। ব্যাংক কোন টাকা পাবে না। বরিশাল, রংপুর এবং সিলেট ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত রিকনসাইল সম্পন্ন করেছে। ব্যাংক কোন টাকা পাবে না মর্মে মৌখিকভাবে জানিয়েছেন।</p>	<p>(১) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।</p> <p>(২)</p> <p>পরিচালক/উপপরিচালক, বিভাগীয় কার্যালয় দুটি ব্যাংকের সাথে যোগাযোগের মাধ্যমে রিকনসাইলের কাজ সম্পন্ন করতে হবে।</p>	<p>১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।</p> <p>২। পরিচালক/ঢাকা ও উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়সমূহ।</p>
০৩।	তথ্য প্রযুক্তি সুবিধাদি (আইটি ফ্যাসিলিটিজ) ও প্রশিক্ষণ	প্রোগ্রামার মিসেস আছফিয়া মেহবুবা জানান যে, বোর্ডের প্রশিক্ষণ ম্যানুয়েল অনুযায়ী ৬০ ঘণ্টা আবশ্যিক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ঢাকা এবং সিলেট বিভাগ পিছিয়ে রয়েছে। তাদের এ ব্যাপারে আরো সচেতন হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা প্রয়োজন।	প্রশিক্ষণ বাস্তবসম্মত এবং ব্যয় সামৃদ্ধী হতে হবে। কোন কিছুর অপচয় যেন না হয়। প্রশিক্ষণের নামে যেন শুধু প্রতিবেদন জমা দেয়া না হয়। সে বিষয়ে নজর রাখাসহ প্রশিক্ষণে পিছিয়ে থাকা ঢাকা ও সিলেট বিভাগীয় কার্যালয়কে দুটি তা সম্পন্ন করতে নির্দেশনা দেয়া হলো।	<p>১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।</p> <p>২। পরিচালক/ উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়সমূহ।</p> <p>৩। প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।</p>
০৪।	মাসিক কল্যাণ ভাতা এলাকাভিত্তিক (প্রধান ও বিভাগীয় কার্যালয় ভিত্তিক) কোড নম্বর প্রদান	<p>(১) প্রোগ্রামার মিসেস আছফিয়া মেহবুবা সভায় জানান যে, বোর্ডের কল্যাণ, যৌথবীমা ও দাফন অনুদানের কম্বাইন্ড সফটওয়্যারটি প্রস্তুতির কাজ শেষ হয়েছে। বোর্ডের সিঙ্গেল রেজিষ্ট্রেশন সিস্টেমটি তৈরির কাজ চলমান আছে। সিঙ্গেল রেজিষ্ট্রেশন সিস্টেমের সাথে কম্বাইন্ড সফটওয়্যারটি ইঞ্টিগ্রেশন করে বিসিসির ডাটা সেন্টারে হোস্টিং এর মাধ্যমে সফটওয়্যারটি লাইভে নেয়া হবে।</p>	(১) কল্যাণ ভাতা, যৌথবীমা ও দাফন/অত্যেষ্টিক্রিয়ার নতুন সফটওয়্যারটি দুটি লাইভে নেয়ার ব্যবস্থা করতে হবে।	<p>১। প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।</p> <p>২। পরিচালক (উন্নয়ন)</p>

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		(২) বোর্ডের ২০১৯-২০ অর্থবছরের শিক্ষাবৃত্তি/ শিক্ষাসহায়তা আবেদন গ্রহণ কার্যক্রম ০১/০১/২০২০ তারিখ থেকে শুরু হয়েছে। এ পর্যন্ত প্রায় ৫ হাজার আবেদন জমা হয়েছে। (৩) গত ৫-৬ জানুয়ারি, ২০২০ তারিখে সফটওয়্যারের ট্রেনিং অনুষ্ঠিত হয়, উক্ত ট্রেনিং হতে প্রাপ্ত সুপারিশসমূহ আপডেট করার কাজ চলছে।	(২) শিক্ষা বৃত্তির কাজ যেন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সম্পন্ন করা হয়। (৩) দুট আপডেট করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ও প্রোগ্রামার (৩) প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার
০৫।	মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে স্বাস্থ্যবিষয়ক কোর্স চালু এবং পর্যায়ক্রমে সকল বিভাগে চালু করা।	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কারিগরি প্রশিক্ষণের অংশ হিসেবে স্বাস্থ্যবিষয়ক প্রশিক্ষণ প্রতি সপ্তাহের শনিবার ও মঙ্গলবার অনুষ্ঠিত হচ্ছে। পর্যায়ক্রমে সকল বিভাগের এ কোর্স চালু করার বিষয়ে সময়োপযোগী কর্ম পরিকল্পনা গ্রহণ করতে হবে।	স্বাস্থ্যবিষয়ক প্রশিক্ষণ কোর্সটি যাতে মান সম্পন্ন ও সময়োপযোগী হয় তৎ বিষয়ে তদারকি করতে হবে।	পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।
০৬।	সাধারণ চিকিৎসা অনুদান ও ব্যাংক রিকনসাইল সংক্রান্ত সফটওয়্যারের বাস্তবায়ন অগ্রগতি	বোর্ডের সাধারণ চিকিৎসার সফটওয়্যার এর আপন্তি কিছু আপডেট করা হয়েছে এবং সংশ্লিষ্ট শাখার চাহিদার ভিত্তিতে আপডেট করতে হবে বলে প্রোগ্রামার সভায় জানান।	বোর্ডের সাধারণ চিকিৎসার সফটওয়্যার এর আপন্তি আপডেট করা হয়েছে এবং ব্যাংক রিকনসাইল সংক্রান্ত সফটওয়্যারটি ফেব্রুয়ারি, ২০২০ মাসের মধ্যে বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহে স্থাপন (Install) করা হবে।	প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
১১।	ই-ফাইলিং চালুকরণ, GRS ও নাগরিক সনদের বাস্তবায়ন।	কার্যালয়ের শতভাগ ই-নথির মাধ্যমে নথি উপস্থাপন করতে হবে এবং বিভাগীয় কার্যালয়সমূহে ই-নথির মাধ্যমে নথি উপস্থাপন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। সর্বপরি ই-নথির বিষয়ে আরো কঠোর হতে হবে এবং GRS ও নাগরিক সনদ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে বলে মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে মর্মে পরিচালক (প্রশাসন) সভায় জানান।	(ক) প্রধান কার্যালয়ের শতভাগ ই-নথি মাধ্যমে নথি উপস্থাপন করতে হবে এবং বিভাগীয় কার্যালয়সমূহে ই-নথির মাধ্যমে নথি উপস্থাপন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। (গ) GRS ও নাগরিক সনদ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়। ২। পরিচালক/ উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়সমূহ।
১২।	২০১৯-২০২০ অর্থবছরের বাজেট বাস্তবায়ন অগ্রগতি।	অতিরিক্ত মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, এখন থেকে প্রতি ০৬ মাস পর পর খাত ভিত্তিক আয়-ব্যয়ের হিসাব প্রদান করতে হবে। পরবর্তীতে ০৩ মাস পর পর হিসাব প্রদান করতে হবে।	প্রাথমিক অবস্থায় প্রতি ০৬ মাস পর পর খাত ভিত্তিক আয়-ব্যয়ের হিসাব প্রদান করতে হবে। পরবর্তীতে ০৩ মাস পর পর হিসাব প্রদান করতে হবে।	পরিচালক/উপপরিচালক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়সমূহ।
১৩।	কল্যাণ ভাতার দারী নিষ্পত্তিকরণ	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে প্রদেয় ধারাবাহিক মাসিক কল্যাণ ভাতার অনুদান অবসর গ্রহণের পর ১০ বছর পর্যন্ত বা সর্বোচ্চ ১৫ বছর প্রদানের বিধান রয়েছে। কিন্তু কিছু বিভাগে তা পালন করা হচ্ছে না। এ বিষয়ে পরিচালক (প্রশাসন) বলেন যে, চাকরিতে ৫৯ বছর পূর্ণ হলে অবসর প্রদান করা হয়। বিধিমতে অবসরের ১০ বছর পর অর্থাৎ ৬৯ বছর পর্যন্ত কল্যাণ ভাতা প্রদান	কল্যাণ ভাতা ৬৯ বছর বা সর্বোচ্চ ১৫ বছর যা আগে আসে সে হিসাবে প্রদান করতে হবে।	পরিচালক/ উপপরিচালক সকল।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		করা যেতে পারে বা সর্বোচ্চ ১৫ বছর যা আগে আসে। এ বিষয়ে সভায় সবাই একমত পোষণ করে।		
১৪।	সকল বিভাগীয় কার্যালয়ে ডিজিটাল হাজিরার মাধ্যমে কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। প্রতি দু'মাস অন্তর অন্তর ডিজিটাল হাজিরার মাধ্যমে কর্মচারীদের উপস্থিতি সীট প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।	ডিজিটাল হাজিরা মেশিন ০২ মাসের মধ্যে স্থাপন করতে হবে।	পরিচালক/উপপরিচালক সকল	

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার ম্যাপ্টি ঘোষণা করা হয়।

সত্যব্রত সাহা  
মহাপরিচালক (সচিব)  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়

নথি নং: ০৫.৮১.০০০০.০০২.০১.০১৫.৯২ (খন্দ-১)-১৮/৬

তারিখ: ২৮/১০/২০২০

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ:

- ০১। পরিচালক (প্রশাসন)/পরিচালক(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বরিশাল/রংপুর।
- ০৩। উপপরিচালক(প্রশাসন)/ উপপরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ সিলেট/ময়মনসিংহ।
- ০৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ০৭। সহকারী পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (কর্মসূচি), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৮। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৯। হিসাবরক্ষণ অফিসার, কল্যাণ তহবিল/যৌথবীমা তহবিল/বোর্ড তহবিল (রাজস্ব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবহিতকরণের জন্য)।
- ১১। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবহিতকরণের জন্য)।
- ১২। অফিস কপি।

২৬/১০/২০২০,

( এ, কে, এম, আজিজুল হক)

উপপরিচালক (প্রশাসন)

ফোন: ৯৩৩০৮০৫